



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.btcl.gov.bd | বিটিসিএল.বাংলা

আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি।

স্মারক নং: ১৪.৩৩.০০০০.০২৪.০৬.০০১.২৪.১৪

তারিখ: ১৫.০৪.২০২৪ খ্রি.

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আইন উপদেষ্টা নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

যোগ্যতা ও অভিজ্ঞতা

- ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এল.এল.বি/এল.এল.এম, ডিগ্রী থাকতে হবে তবে বার-এট-ল ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। প্রার্থীর হাইকোর্ট ও আপীল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে। প্রার্থীর হাইকোর্ট ও আপীল বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ আইন পেশায় ন্যূনতম ১৫ বছরের অনুশীলনের অভিজ্ঞতা থাকতে হবে।
- ২। প্রার্থীর দেওয়ানী আইন, ফৌজদারী আইন, বাংলাদেশের শ্রম আইন, কোম্পানী আইন, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন, চুক্তি আইন, ভূমি আইন, সরকারী পাওনা আদায়, সালিশি আইন, টেলিযোগাযোগ নীতিমালা সংক্রান্ত আইন ও বিধিমালা এবং রিট পরিচালনা ইত্যাদি বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। আবেদনের তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ৪৫ হতে সর্বোচ্চ ৬৫ বছর। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ৪। শিক্ষাগত যোগ্যতাসহ সকল প্রকার সনদের অনুলিপি, জাতীয় পরিচয়পত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ দরখাস্ত আগামী ৩০শে এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে।

নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে (www.btcl.com.bd) পাওয়া যাবে।

মোহাম্মদ ইউসুফ
জিএম (লিগ্যাল অ্যান্ড ইনভেস্টিগেশন)
ফোন: ০২-৫৫১৪১৭৬০